

কোভিড-19 কেসের উপর ভিত্তি করে জনস্বাস্থ্যের দল কর্তৃক সাপ্তাহিক বিবৃতি

13 মে 2021

মে অবধি সাত দিনে (12 মে প্রকাশিত তথ্যের উপর ভিত্তি করে) আমাদের কাছে ব্রাইটন ও হোভে 43 টি নতুন কোভিড-19 কেস হয়েছে। এটা:

- আগের সপ্তাহের থেকে 5% বেশী
- প্রতি 100,000 বাসিন্দার মধ্যে 14.8 সাপ্তাহিক হারের সমতুল্য
- দক্ষিণ পূর্ব অঞ্চলের হারের সমান যা প্রতি 100,000 জনে 14.4 ছিল
- ইংল্যান্ডের হারের চেয়ে কম, যা প্রতি 100,000 জনে 21.8 ছিল

ব্রাইটন ও হোভের জন্য এর অর্থ কী?

প্রতি সপ্তাহে কেস-রেটে (হারে) অল্প ওঠানামা আশা করা যায় তবে এখন সংখ্যা তুলনামূলকভাবে কম।

সামগ্রিক হার এপ্রিল এবং মে মাসের গোড়ার দিকে প্রতি 100,000 জনে 20 এর নীচে আছে, যা গত বছরের সেপ্টেম্বরের শুরুতে দেখা হারের সমান এবং নতুন কেইস এখন প্রতি সপ্তাহে গড়ে পাঁচটি। এটি সকল বয়সের ক্ষেত্রে প্রযোজ্য এবং বাচ্চাদের মধ্যে এবং 60 বৎসরের এর বেশি বয়সের লোকদের মধ্যে সংক্রমণের হার সবচেয়ে কম।

কোভিড এখনও আমাদের সাথে আছে

যদিও এর উপরে ও নীচে অল্প ওঠানামা আশা করা যায়, কিন্তু শতকরা হার বেড়ে যাওয়া - এমনকি সামান্য হলেও তা দেখা ভালো নয়।

কোভিড-19 ভাইরাসটি এখনও আমাদের সমাজে রয়ে গেছে এবং লোকজন আরও বেশি মেলামেশা করতে শুরু করলে, এটি যে আবার ছড়িয়ে পড়ার ঝুঁকিটি আমাদের সবার জন্য উদ্বেগের বিষয়।

ভাইরাসটি নিয়ন্ত্রণ করার জন্য, লোকজনকে পরীক্ষা করা অত্যাবশ্যক যার ফলে কোভিড এবং তা যাদের মধ্যে আছে স্ব-বিচ্ছিন্ন হয়ে এর সংক্রমণের ধারা ভেঙে দেয়া যেতে পারে।

লক্ষণযুক্ত প্রত্যেককে অবশ্যই একটি পিসিআর পরীক্ষা করাতে হবে এবং তাৎক্ষণিকভাবে নিজেকে বিচ্ছিন্ন করতে হবে। তবে, কোভিড আক্রান্ত সব লোকের মধ্যে এক তৃতীয়াংশ লোকের মধ্যে কোনও লক্ষণ দেখা যায় না, এ কারণেই নিয়মিত লক্ষণমুক্ত (পার্শ্ব-প্রবাহ) পরীক্ষা করা এত গুরুত্বপূর্ণ।

কোভিডকে পরাস্ত করতে নিয়মিত টেস্টিং করুন

নিখরচায় [লক্ষণবিহীন কোভিড পরীক্ষাগুলি](#) নেওয়া বা এগুলি আপনার বাড়িতে পাওয়া সহজ এবং আমরা আপনাকে এটা আপনার সাপ্তাহিক রুটিনের অংশ করতে উৎসাহিত করি।

যদি কোনও লক্ষণ-মুক্ত পার্শ্ব-প্রবাহ পরীক্ষা ইতিবাচক (পজিটিভ) দেখায়, তখন ফলাফলটি আপনি স্ব-বিচ্ছিন্ন থাকার সময় আরও নিশ্চিত হবার জন্য একটি পিসিআর পরীক্ষা করার দরকার।

আপনার যদি লক্ষণগুলি থাকে তবে দয়া করে [স্ব-বিচ্ছিন্নতা নির্দেশিকা](#) অনুসরণ করুন এবং [অনলাইনে](#) একটি পিসিআর পরীক্ষার ব্যবস্থা করুন বা একটি টেস্টিং সেন্টারে অ্যাপয়েন্টমেন্ট বুক করতে বা আপনার বাড়িতে একটি কিট সরবরাহ করার জন্য 119 নম্বরে কল করুন।

স্ব-বিচ্ছিন্ন হওয়ার সময় সহায়তা

কোনও কোভিড লক্ষণ প্রথম দেখা দিলে বা কোভিড পরীক্ষার ফল পজিটিভ হলে, আপনার জন্য নিরাপদ এবং দায়িত্বশীল কাজ হ'ল অন্যকে রক্ষা করার জন্য অবিলম্বে নিজেকে বিচ্ছিন্ন করা।

আমরা জানি স্ব-বিচ্ছিন্ন হয়ে যাওয়া উদ্বেগ, অসুবিধা এবং আর্থিক সমস্যার কারণ হতে পারে। আপনি কাজ করতে না পারলে কাউন্সিল আপনাকে [আর্থিক সহায়তা দিতে সক্ষম হতে পারে যেহেতু আপনার স্ব-বিচ্ছিন্ন হবার প্রয়োজন](#)। আমাদের [কমিউনিটি হাব](#) থেকে খাদ্য এবং প্রয়োজনীয় সরঞ্জামগুলির জন্য জরুরি সহায়তা সহ অতিরিক্ত সহায়তা পাওয়া যাবে।